গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১.	**প্রকল্পের নাম**	:	**বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত, আইপিএস রিগ আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন**
২.	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
৪.	**প্রকল্পের অবস্থান**	:	চট্টগ্রাম, বি-বাড়িয়া, শরীয়তপুর, সিলেট, ভোলা

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	১৯৯৫২.০০		-	১৯৯৫২.০০	০১/০৭/২০২১ হতে ৩১/১২/২০২৩	৭/৭/২০২১ (একনেক কর্তৃক অনুমোদন)	-	-

৬. **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ৪ টি রিগ মেরামত এবং ১ টি রিগ আপগ্রেডেশন করতঃ বাপেক্সের অনুসন্ধান, উন্নয়ন এবং ওয়ার্কওভার কূপ খনন কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধি করা;
- রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপনের মাধ্যমে খনন কার্যক্রমে গতিশীলতা অর্জন করা;

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম
➢ আইডিগো এইচ-১৭০০ রিগ মেরামত সম্পন্ন করা;
➢ আইপিএস রিগটির বর্তমান ডিসি-ডিসি সিস্টেম থেকে এসি-ডিসি (এসসিআর) সিস্টেম এ আপগ্রেড সম্পন্ন করা;
➢ বিজয় ১০, ১১, ১২ রিগের মেরামত সম্পন্ন করা;
➢ মাড সিস্টেম এবং ওয়েল টেস্টিং মালামাল ক্রয় সম্পন্ন করা;

খ. **পরামর্শকের কার্যপরিধি (TOR):**

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

(৮.১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৮.৩) প্রকল্পের এ পর্যন্ত অর্জন লগ ফ্রেমের আলোকে পর্যালোচনা;

(৮.৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/ চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, আর্থিক ক্ষমতা অর্পন, সরকারি পরিপত্র ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কিনা সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.৫) প্রকল্পের আওতায় রিগ মেরামত এবং আপগ্রেডেশন, বাপেক্সের অনুসন্ধান, উন্নয়ন এবং ওয়ার্কওভার কূপ খনন কার্যক্রমে সক্ষমতা ও গতিশীলতা বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/ TOR গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/ হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.৭) রিগ ও ভারী যন্ত্রপাতিসমূহের সম্ভাব্য আয়ুষ্কাল পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.৮) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.৯) প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.১০) পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণে সংগ্রহের ক্ষেত্রে প্রয়োজনীয় জনবলের জন্য গৃহীত টেকসই পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.১১) প্রকল্পের আওতায় রিগ পুনঃস্থাপন না করে মেরামত এবং আপগ্রেডেশন করা অধিকতর লাভজন কিনা, প্রকল্পের মাধ্যমে বাপেক্সের সক্ষমতা বৃদ্ধি পাবে কিনা সে সব বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণসহ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT Analysis;

(৮.১২) প্রকল্পের আওতায় রিগ মেরামত ও আপগ্রেডেশন করা হলে ঘোষিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কাঙ্খিত হবে কিনা সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.১৩) আইএমইডি পরিবীক্ষণ টুলস (IMED-01, 02, 03, 05), আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন ছক, আইএমইডি প্রকাশিত Monitoring and Evluation (M&E) Guideline for Industry, Power & Energy এর আলোকে বাস্তবায়ন প্রকৃতি ও অগ্রগতি পর্যালোচনা;

(৮.১৪) সমীক্ষা কার্যক্রমে ব্যবহৃত তথ্য সংগ্রহের টুলস যেমনঃ FGD, KII- সহ প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের উপর একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডি'তে দাখিল করতে হবে;

(৮.১৫) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করে জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

(৮.১৬) প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতি তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮.১৭) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; • মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা; • পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;

২)	(ক) টিম লিডার	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম বিএসসি ডিগ্রি। খ) ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ সনদ থাকতে হবে। দীর্ঘ মেয়াদের ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।	• প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছর কাজ করার অভিজ্ঞতা; • Drilling Rig এবং Drilling Rig সংশ্লিষ্ট Equipment সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে বিশ্লেষণ করার অভিজ্ঞতা; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে; • সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন ২০২২) বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; • আইএমইডি পরিবীক্ষণ টুলস (IMED-01, 02, 03, 05), আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন ছক, আইএমইডি প্রকাশিত Monitoring and Evluation (M&E) Guideline for Industry, Power & Energy এর বিষয়ে ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে, লাইব্রেরিতে পাওয়া যাবে);
	(খ) ইলেক্ট্রিকাল ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেক্ট্রিকাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম বিএসসি ডিগ্রি।	• ইলেক্ট্রিকাল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • Drilling Rig সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও Variable Frequency Drive (VFD) ও Programmable Logic Controller (PLC) সম্পর্কে ধারণা থাকতে হবে;
	(গ) Procrument Specialist	ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ সনদ থাকতে হবে। দীর্ঘ মেয়াদের ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।	• সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • বিভিন্ন প্রকার সরকারি ক্রয় কার্যক্রম (পণ্য,কার্য ও সেবা), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে;
	(ঘ) গবেষণা কর্মকর্তা/ ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ অর্থনীতি/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/ডাটা ম্যানেজমেন্ট, ডাটা বিশ্লেষণ কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা পত্র থাকতে হবে; • জাতীয় বা আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কোনো গবেষণা বা সমীক্ষা কার্যক্রমে সংশ্লিষ্টতা প্রমাণস্বরূপ প্রকাশিত প্রতিবেদনে কনট্রিবিউটরি নাম থাকতে হবে।

১০. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

১১. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

(এস এম হামিদুল হক)
প্রধান (অতিরিক্ত সচিব) ও আহবায়ক
TOR প্রণয়ন কমিটি